

## সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২২৮

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. আযানে 'তারজী' করা

بَابِ التَّرْجِيعِ فِي الْأَذَانِ

## আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ عَنْ هَمَّامٍ عَنْ عَامِرٍ الْأَحْوَلِ عَنْ مَكْحُولٍ عَنْ ابْنِ مُحَيْرِيزٍ عَنْ أَبِي مَحْذُورَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمْرَ نَحْوًا مِنْ عِشْرِينَ رَجُلًا فَأَذَّنُوا أَبِي مَحْذُورَةَ فَعَلَّمَهُ الْأَذَانَ اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَثْهُ أَنْ لَا إِلَه إِلَّا اللَّهُ أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ أَشْهَدُ أَنْ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ حَيَّ عَلَى الصَّلَاةِ حَيَّ عَلَى الصَّلَاةِ حَيَّ عَلَى الْفَلَاحِ حَيَّ عَلَى الْفَلَاحِ حَيَّ عَلَى الْفَلَاحِ اللَّهُ أَلْا اللَّهُ وَالْإِقَامَةَ مَثْنَى مَثْنَى مَثْنَى

## বাংলা

১২২৮. আবী মাহযুরা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিশজন লোককে এভাবে আযান দিতে নির্দেশ দেন, ফলে তারা আযান দিতে থাকে। তখন আবী মাহযুরার কণ্ঠস্বর তাঁকে মুগ্ধ করে; ফলে তিনি তাকে (এ বাক্যসমূহ দ্বারা) আযান শিক্ষা দেন: 'আল্লাহু আকবার, আল্লাহু আকবার, আল্লাহু আকবার, আল্লাহু আকবার, আল্লাহু আকবার। আশহাদু আল্ লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আল্ লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আল্যা মুহাম্মাদান রাস্লুল্লাহ।

আশহাদু আল্ লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আল্ লা ইলাহা ইল্লাল্লাহ, আশহাদু আলা মুহাম্মাদান রাসূলুল্লাহ, আশহাদু আলা মুহাম্মাদান রাসূলুল্লাহ। হাইয়াা আলাস সালাহ, হাইয়াা আলাস সালাহ, হাইয়াা আলাল ফালাহ, আল্লাহু আকবার, আল্লাহু আকবার। লা ইলাহা ইল্লাল্লাহ। আর ইকামত (শিক্ষা দেন) জাড়ো বাক্যো।[1]

## ফুটনোট



[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বাইহাকী ১/৪১৬-৪১৭; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ১৬৮০,. ১৬৮১, ১৬৮২; মাওয়ারিদুয যাম'আন নং ২৮৮, ২৮৯ ও আবী ইয়ালা, মু'জামুশ শুয়ুখ নং ১৩৬ এ। আরও দেখুন, আগের টীকাটি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু মাহযুরা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন